105

দৈনিক ইনকিলাব

তারিখ ... 30 AUG 1997 ...
পৃষ্ঠা ৩ কলাম ৩

রাজশাহীতে ছাত্রদলের সম্মেলনে নেতৃবৃন্দ

# আওয়ামী লীগের নগ্ন দলীয়করণের ফলে শিক্ষাঙ্গনে বিরাজ করছে সন্ত্রাস-নৈরাজ্য

রাজশাহী অফিস ঃ জাতীয়তাবাদী ছাত্রদল সভাপতি শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি বলেছেন, আওয়ামী দুঃশাসনে আজ মানুষ দিশেহারা। বাকশালী প্রেতাত্মাদের আনাগোনা সর্বত্র। নগ্ন দলীয়করণের ফলে শিক্ষাঙ্গনে বিরাজ করছে সন্ত্রাস ও নৈরাজ্য। দেশের অর্থনীতি প্রায় ধ্বংস হয়ে গেছে। জনজীবন আজ নিরাপত্তাহীন। আওয়ামী দুঃশাসনের প্রতিবাদে ছাত্র-জনতা আবার রাজপথে নেমেছে। স্বৈরশাসনের বিরুদ্ধে অতীতের ন্যায় আবারো ছাত্রদলকে রাজপথের আন্দোলনকে এগিয়ে নিয়ে যেতে হবে।

তিনি গতকাল শুক্রবার সকালে রাজশাহী লোকনাথ উচ্চ বিদ্যালয় মাঠে জাতীয়তাবাদী ছাত্রদল আয়োজিত রাজশাহী জেলা ও মহানগর সম্মেলন '৯৭-এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। ছাত্রদল নেতা শফিকুল হক মিলনের সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনে বিশেষ অতিথি হিসেবে ছিলেন সাবেক মন্ত্রী এমরান আলী সরকার, রাজশাহী সিটি মেয়র মিজানুর রহমান মিনু সাবেক মন্ত্রী ব্যারিস্টার আমিনুল হক এমপি, ডাঃ আলাউদ্দিন এমপি, শামসুদ্দিন এমপি, এডভোকেট এখলাক হোসেন, আজিজুর রহমান, এডভোকেট জানে আলম, লুৎফুন নেসা, নজরুল হুদা, শ্রমিক দল নেতা রফিকুল ইসলাম দুলাল, যুবদল নেতা মোসাদ্দেক হোসেন বুলবুল, কৃষক দল নেতা বাবলু, ছাত্রদল নেতা মতিউর রহমান মন্টু, জিল্লুর রহমান, শাহীন শওকত প্রমুখ। প্রবল বর্ষণ উপেক্ষা করে জেলার বিভিন্ন থানা ও নগরীর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ থেকে হাজার হাজার ছাত্র-ছাত্রী সম্মেলনে যোগদান করে। জাতীয় ও দলীয় পতাকা উত্তোলনের পর এক বিশাল বর্ণাঢ্য র‍্যালি নগরীর প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। সম্মেলনে সর্বসম্মতিক্রমে জেলা সভাপতি ও সম্পাদক নির্বাচিত হন মিজানুর রহমান খোকন ও রায়হান উল আলম। মহানগর সভাপতি ও সম্পাদক নির্বাচিত হয়েছেন শফিকুল হক মিলন ও শফিকুল ইসলাম শফিক।

বিশেষ অতিথির বক্তব্যে মিজানুর রহমান মিনু বলেন, রাজশাহীর পবিত্র মাটি শহীদ জিয়ার ঘাঁটি। আজকের এই বিশাল সমাবেশ তার প্রমাণ। জেল-জুলুম চালিয়ে, নির্যাতন করে জিয়া সৈনিক ছাত্রদলকে রাজপথ থেকে সরানো যাবে না। যতদিন দুঃশাসন চলবে ছাত্রদলের কর্মীরা ততদিন রাজপথে থাকবে। আওয়ামী দুঃশাসনের হাত থেকে দেশকে বাঁচানোর জন্য জনগণকে সাথে নিয়ে ছাত্রদল আন্দোলন চালিয়ে যাবে।